

ঢাবির ভর্তিযুদ্ধ

এক আসনের বিপরীতে লড়বেন ৩৯ শিক্ষার্থী

ভর্তিচ্ছুদের ছবি সংশোধনের নির্দেশ

বিশ্ববিদ্যালয় বার্তা পরিবেশক

ঢাকা বিশ্ববিদ্যালয়ে ২০১৭-১৮ শিক্ষাবর্ষের স্নাতক প্রথম বর্ষে ভর্তির অনলাইনে আবেদন গ্রহণ প্রক্রিয়া শেষ হয়েছে। গত মঙ্গলবার রাত ১০টায় বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় ভর্তি অফিসে এ আবেদন গ্রহণ প্রক্রিয়া আনুষ্ঠানিকভাবে সমাপ্ত ঘোষণা করেন উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক।

এ বছর পাঁচটি ইউনিটে সাত হাজার ১২৩টি আসনের বিপরীতে আবেদন জমা পড়েছে ২ লাখ ৭৭ হাজার ৭১৫টি। ঢাবির ভর্তিযুদ্ধে এবার এক আসনের বিপরীতে লড়বেন এক : পৃষ্ঠা : ১৫ ক : ১

এক : আসনের

(১ম পৃষ্ঠার পর)

৩৯ জন। বিশ্ববিদ্যালয় সূত্রে জানা যায়, এবার ঢাবির ভর্তি পরীক্ষায় ক-ইউনিটে এক হাজার ৭৬৫টি আসনের বিপরীতে আবেদন করেছেন ৯১ হাজার ১৪৩ জন ভর্তিচ্ছু। এ ইউনিটে প্রতি আসনের বিপরীতে লড়বেন ৫২ জন। খ-ইউনিটে দুই হাজার ৩৬৩টি আসনের বিপরীতে আবেদন করেছেন ৩৩ হাজার ১৬৪ জন। গড়ে এ ইউনিটে লড়বেন সর্বনিম্ন ১৫ ভর্তিচ্ছু। গ-ইউনিটে এক হাজার ২৫০টি আসনের বিপরীতে ভর্তিযুদ্ধে লড়বেন ২৯ হাজার ৯৫৪ জন শিক্ষার্থী। এ ইউনিটে প্রতি আসনের বিপরীতে লড়বেন ২৬ জন। ঘ-ইউনিটে এক হাজার ৬১০টি আসনের বিপরীতে লড়বেন ১ লাখ ৩ হাজার ২৮২ জন ভর্তিচ্ছু। এ ইউনিটে প্রতি আসনের বিপরীতে লড়বেন ৬৫ জন। আর চ-ইউনিটে ১৬৫টি আসনের বিপরীতে আবেদন করেছেন ২০ হাজার ১৭২ জন। এ ইউনিটে প্রতি আসনে লড়বেন সর্বোচ্চ ১৫০ জন ভর্তিচ্ছু। ভর্তির আবেদন প্রক্রিয়া সমাপ্ত ঘোষণার সময় উপাচার্য আরেফিন সিদ্দিক ছাড়াও উপস্থিত ছিলেন উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান, অনলাইন ভর্তি কমিটির আহ্বায়ক অধ্যাপক ড. হাসিবুর রশীদ, কলা অনুষদের ডিন অধ্যাপক ড. আবু মো. দেলোয়ার হোসেন, সামাজিক বিজ্ঞান অনুষদের ভারপ্রাপ্ত ডিন অধ্যাপক ড. এ জে এম শফিউল আলম জুইয়াসহ বিভিন্ন অনুষদের ডিন এবং ভর্তি পরীক্ষা সংশ্লিষ্ট কর্মকর্তারা। এদিকে যেসব শিক্ষার্থী ব্যাংকে ফি জমা দিতে পারেননি তাদের জন্য গতকাল (৩০ আগস্ট) পর্যন্ত টাকা জমা দেয়ার সুযোগ করে দেয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। গতকাল বিকেল ৩টা থেকে 'গ' ও 'চ' ইউনিটের প্রবেশপত্র ডাউনলোড করা শুরু হয়েছে। প্রবেশপত্র ডাউনলোড করা যাবে পরীক্ষার দিন সকাল ৯টা পর্যন্ত। আর 'ক', 'খ' এবং 'ঘ' ইউনিটের প্রবেশপত্র ডাউনলোড করা যাবে ১২ সেপ্টেম্বর বিকেল ৩টা থেকে পরীক্ষার দিন সকাল ৯টা পর্যন্ত। এছাড়া বিস্তারিত তথ্য জানতে বিশ্ববিদ্যালয়ের ভর্তি ওয়েবসাইট <http://admission.eis.du.ac.bd> ভিজিট করার পরামর্শ দেয়া হয়েছে। উল্লেখ্য, খ-ইউনিটের ভর্তি

পরীক্ষা ২২ সেপ্টেম্বর, চ-ইউনিটের ভর্তি পরীক্ষা (সাধারণ জ্ঞান) ১৫ সেপ্টেম্বর এবং অঙ্কন ২৩ সেপ্টেম্বর, গ-ইউনিটের ভর্তি পরীক্ষা ১৫ সেপ্টেম্বর, ক-ইউনিটের ভর্তি পরীক্ষা ১৩ অক্টোবর, ঘ-ইউনিটের ভর্তি পরীক্ষা ২০ অক্টোবর অনুষ্ঠিত হবে।

এছাড়া শিক্ষার্থীদের ভর্তি পরীক্ষায় সব ধরনের ইলেকট্রনিক ডিভাইস ও ক্যালকুলেটর ব্যবহার নিষিদ্ধ করা হয়েছে। তাছাড়া বিশ্ববিদ্যালয়ের বাইরের প্রতিটি কেন্দ্রে জালিয়াতি বন্ধে বিশ্ববিদ্যালয়ের শিক্ষকরা পর্যবেক্ষকের দায়িত্ব পালন করবেন।

ভর্তিচ্ছুদের ছবি সংশোধনের নির্দেশ
ভর্তির অনলাইন আবেদন প্রক্রিয়া শেষ হলেও এখনও যারা ছবির নির্দেশিকা মানেননি তাদেরকে তা সংশোধনের নির্দেশ দিয়েছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। অন্যথায় তাদের আবেদন বাতিল হয়েছে মর্মে প্রবেশপত্র ইস্যু করা হবে না। গত মঙ্গলবার ভর্তি আবেদন প্রক্রিয়া সমাপ্ত ঘোষণা করার পর সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে এমন তথ্য জানান উপাচার্য আ আ ম স আরেফিন সিদ্দিক।

তিনি বলেন, অনেকে এখনও তাদের ছবি সংশোধন করেনি। আবেদন প্রক্রিয়া বন্ধ হওয়ায় এখন কেউ ছবি সংশোধন করতে চাইলে তাকে সরাসরি ভর্তি অফিসে হাজির হয়ে করতে হবে এবং ফি জমা দিতে হবে। যারা এখনও ছবি ঠিক করেনি তাদেরকে আমরা ফোন করে জানিয়েছি, এরপরও যদি কেউ ছবি সংশোধন না করে তার আবেদন বাতিল হবে এবং প্রবেশপত্র ইস্যু করা হবে না।

বিশ্ববিদ্যালয়ের ভর্তি নির্দেশিকা অনুযায়ী এবারই প্রথম সকল আবেদনকারীর ভর্তি আবেদনের সঙ্গে সংযুক্ত ছবির ব্যাকগ্রাউন্ড সাদা হওয়া বাঞ্ছনীয় ছিল। এক্ষেত্রে চোখ-কানসহ পূর্ণ মুখমণ্ডল দৃশ্যমান হতে হবে। আবেদনকারী শিক্ষার্থীদের অনেকেই ছবিতে নীল ব্যাকগ্রাউন্ড ব্যবহার করেছেন, যদিও 'ব্যাকগ্রাউন্ড সাদা হওয়া বাঞ্ছনীয়' বলে নির্দেশিকায় উল্লেখ করা হয়। এছাড়াও কেউ কেউ 'সেলফি স্টাইলে' ছবি দিয়েছেন বলে সূত্র জানায়। যা আবেদন প্রক্রিয়ায় অযোগ্য বলে মনে করেন সংশ্লিষ্টরা।